৬

দ্বিতীয় পর্যায়ে

# প্রবহমান বাংলাচর্চা

বসিরহাট কলেজের বাংলা বিভাগ ও আইকিউএসি এবং
প্রবহমান বাংলাচর্চার যৌথ উদ্যোগে আয়োজিত
একদিবসীয় আন্তর্জাতিক আলোচনাচক্রে উপস্থাপিত পূর্ণাঙ্গ প্রবন্ধ সংকলন

PRABAHAMAN BANGLACHARCHA 6

(Second Phase)

A Collection of Peer-Reviewed Research Articles presented in the Seventh International Seminar at Basirhat College, North 24 Parganas.

First Imprint : 24th December, 2022

ISBN : 978-93-5777-181-8

© PRABAHAMAN BANGLACHARCHA

Rs. 750/-

Published by 'Prabahaman Banglacharcha'
Beharapara, Baruipur, Kolkatta – 700144
Website : kolpbc@blogspot.com
E-Mail : kolpbc@gmail.com

প্রবহমান বাংলাচর্চা ৬

(দ্বিতীয় পর্যায়)

নির্বাচিত গবেষণাধর্মী প্রবন্ধ সংকলন
বসিরহাট কলেজ, উত্তর ২৪ পরগনা-তে আয়োজিত
'প্রবহমান বাংলাচর্চা'র সপ্তম আন্তর্জাতিক আলোচনাচক্রে উপস্থাপিত
বিশেষজ্ঞ সংসাধিত নিবন্ধাবলি

প্রথম প্রকাশ : ২৪ ডিসেম্বর, ২০২২

গ্রন্থস্বত্ব : প্রবহমান বাংলাচর্চা

মুদ্রণ : আলফাবিটা ইম্প্রেশন
মহেশতলা, কল - ১৪২

মূল্য : ৭৫০ টাকা মাত্র

# ভূমিকা

সময় কথা বলে। আর সময়ের স্বরকে ধারণ করে সাহিত্য হয়ে ওঠে এমন এক আয়না, যার মধ্য দিয়ে ফুটে ওঠে আমাদের অস্তিত্বেরই বহুমাত্রিক ভাষ্য। প্রবহমান বাংলাচর্চা ২০১৬ সাল থেকে নিয়মিতভাবে আন্তর্জাতিক আলোচনাচক্রের আয়োজন করেছে। প্রকাশিত হয়েছে একের পর এক মূল্যবান গবেষণাধর্মী প্রবন্ধ সংকলন। শুধু বিদ্যায়তনিক চর্চায় আটকে না থেকে সংগঠন নিজেকে ছড়িয়ে দিয়েছে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে। নিজেদের স্থানাঙ্ক নির্ণয়ের সূত্র ধরেই আমরা প্রসারিত করতে চাই আমাদের স্বপ্ন ও উদ্যোগকে। আশার কথা, আমাদের জয়যাত্রা অব্যাহত রয়েছে।

এবছর প্রবহমান বাংলাচর্চা ও বসিরহাট কলেজের যৌথ উদ্যোগে ২৪ ডিসেম্বর অনুষ্ঠিত হচ্ছে আন্তর্জাতিক আলোচনাচক্র ও বই প্রকাশ অনুষ্ঠান। অন্যান্য বছরের মতো বিশেষজ্ঞদের দ্বারা পরীক্ষিত ও সংসাধিত হয়েই লেখাগুলি প্রকাশ পাচ্ছে। সুধী গবেষকদের ব্যাপক সাড়ায় আমরা অভিভূত ও আপ্লুত। প্রায় দেড়শো গবেষকের লেখা দুটি পর্যায়ে মুদ্রিত হয়ে গড়ে তুলেছে 'প্রবহমান বাংলাচর্চা ৬' সংকলনটিকে। সংখ্যা ও গুণমানের ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে আমরা বদ্ধপরিকর ছিলাম। সংগঠনের বিস্তৃতির সঙ্গে সঙ্গে ক্রমবর্ধমান দায়িত্ব ও সামাজিক-সাংস্কৃতিক দায়বদ্ধতা সম্পর্কে আমরা সদাসতর্ক। আমাদের যেকোনো সাংগঠনিক প্রয়াসকে সাফল্যমণ্ডিত করবার জন্য সকলের শুভেচ্ছা কামনা করি।

২

'প্রবহমান বাংলাচর্চা ৬'-এর প্রথম পর্যায়ে সংকলিত হয়েছে 'প্রাগাধুনিক বাংলা সাহিত্য', 'কাব্য-কবিতা', 'নাটক ও নাট্যমঞ্চ', 'রবীন্দ্রনাথ' ও 'উপন্যাস' বর্গভুক্ত লেখাগুলি। দ্বিতীয় পর্যায়ে রয়েছে 'ছোটোগল্প', 'লোকসাহিত্য ও লোকসংস্কৃতি' এবং 'বিবিধ' বিষয়ক মোট পঁচাত্তরটি প্রবন্ধ।

ছোটোগল্প বিষয়ক বর্গে স্থান পেয়েছে নির্বাচিত ছাব্বিশটি গবেষণাপত্র। এবারের আলোচনাচক্রের বিষয় যেহেতু 'দেশভাগের ৭৫ বছর', তাই বেশিরভাগ প্রাবন্ধিকের কলমে উঠে এসেছে দেশভাগের যন্ত্রণা, গ্রাম জীবনের রূপ-রূপান্তর এবং ব্রাত্যজনের আখ্যান। দেশভাগ-পরবর্তী সমাজ বাস্তবতার বৈচিত্র্যময় উপস্থিতি বাংলা ছোটোগল্পের ধারাকে সমৃদ্ধ করেছে— এরূপ ছোটোগল্প কেন্দ্রিক আলোচনা উঠে এসেছে কয়েকটি প্রবন্ধে। নারীদের আখ্যানে

অপরাধ : পূর্ব ও অপূর্ব
অরিজিৎ পাল ৩৪৫
বিশ শতকের শেষার্ধে বাঙালি নারীর আর্থ-সামাজিক অবস্থান
অমিত দে ৩৫৫
সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রবন্ধ : 'সনাতন শিল্পীর মর্মলিপি'
অনুশ্রী ঘোষাল ৩৬২
অনন্য অভিপ্রয়াণ ব্যতিক্রমী অভিপ্রয়াণ
অর্পিতা রায় ভৌমিক ৩৭০
দেশভাগ ও স্বাধীনতার ৭৫ বছর : পশ্চিমবঙ্গের জেলা গঠনের ইতিবৃত্ত
অসীম বিশ্বাস ৩৭৬
আফগান শাসনকালে বাংলার সমাজ চিত্র
আলাউদ্দিন শেখ ৩৮৭
স্বাধীনতা উত্তর বর্ধমানের কৃষি ও কৃষক সমাজের পরিবর্তন :
প্রথম তিন দশকের একটি সংক্ষিপ্ত পর্যালোচনা
উজ্জ্বল রায় ৩৯৫
জীবনকথা :
দেশভাগ, পূর্ববঙ্গের রাজনীতি ও দলিত জীবন বৃত্তান্ত (১৯৩৭-১৯৬৪)
কৃষ্ণ কুমার সরকার ৪০৫
সাহিত্যে জয়-সন্ধান মধ্যবঙ্গের স্বাধিকীতা? না প্রতিবিপ্লবের নান্দনিক আবহ?
পরেশ পোদ্দার ৪১৪
দেশভাগের ৭৫ বছর : সাহিত্য ও রাজনীতি
গৌতম অধিকারী ৪৩৩
অন্নদাশঙ্কর রায়ের 'যুক্তবঙ্গের স্মৃতি'তে প্রতিফলিত যুগসংকট
চিত্রা সরকার ৪৪০
স্বাধীনোত্তর বাংলা : ইলা মজুমদার ঘোষ :
বাঙালী নারীর বিজ্ঞান সাধনার বাস্তব ও ব্যতিক্রম
টিনা বসু ৪৫১
বীরভূমের চিকারো জনজাতির জাতিসত্তার প্রকৃত পরিচয়
তপন কুমার মণ্ডল ৪৫৯
রবীন্দ্রদীক্ষার যথার্থ উত্তরসাধক শঙ্খ ঘোষ : সংকটে ও উত্তরণে
নন্দু গুপ্ত ৪৭০
শিক্ষা ও রাজনীতির পুনর্মূল্যায়ন : সাম্প্রতিক প্রেক্ষাপট
নরেশ দাস ৪৭৭
অর্থনীতির বিবর্তনে বাঙালি জীবন : আঠারো শতকের নির্বাচিত বাংলা সাহিত্য
নিরু বর্মন ৪৮২

# সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রবন্ধ : 'সনাতন' শিল্পীর স্বরলিপি

## অমৃতা ঘোষাল

"সেই লেখাটা লিখতে হবে, যে লেখাটা লেখা হয়নি
এর মধ্যে চলছে কত রকম খসড়া-মকসো
এর মধ্যে চলছে হাজার হাজার কাটাকুটি
এর মধ্যে ব্যস্ততা, এর মধ্যে হুড়োহুড়ি
এর মধ্যে শুধু কথা রাখা আর কথা রাখা
শুধু অন্যের কাছে, শুধু ভদ্রতার কাছে, শুধু দীনতার কাছে
কত জায়গায় ফিরে আসবো বলে আর ফেরা হয়নি।"[১]

যেকোনও সাহিত্যিকের রচনাতেই কিছু ধ্রুবপদ ছায়ার মতো লগ্ন। রচনা-কর্মের সঙ্গে তাদের সম্পর্ক কিছুটা ইলেকট্রন-প্রোটনের মতো বিবিধ সঙ্কেতবাহী, আধো-নির্ণেয় কিম্বা আধো-অনির্ণেয়। সুনীল গঙ্গোপাধ্যায়ের (১৯৩৪—২০১২ খ্রি.) বিপুল সাহিত্যকর্মের মধ্যে কেবল প্রবন্ধগুলো পর্যালোচনা করলে দেখা যাবে, ধুয়াপদের মতো একটাই সিদ্ধান্ত বারবার ঘুরে ফিরে এসেছে —'সাহিত্যের কোনও শর্ত নেই'। আসলে শর্তের সাইকোলজিতে মেতে উঠে জ্ঞানপাপী হওয়ার কোনও প্রবণতাই যে প্রকৃত শিল্পীর থাকে না ! সাহিত্যিক তথা শিল্পীর সম্বল 'স্বাধিকার প্রমত্ত ইগো'। প্রাবন্ধিক সুনীল তাঁর কখনও বিচ্ছিন্ন, কখনও দৃঢ়পিনদ্ধ মনন-অনুভূতি দিয়ে সাহিত্য তথা শিল্পের ম্যাটারটুকুকে আবিষ্কার আর পুনরাবিষ্কারের নেশায় মেতেছিলেন।

(২)

সুনীলের প্রথম উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থটি হয়তো 'সনাতন পাঠকের চিন্তা', প্রথম প্রকাশ —আষাঢ়, ১৩৮৪ বঙ্গাব্দ। গৌরী আইয়ুব ও আবু সয়ীদ আইয়ুবকে উৎসর্গ করা এই বইটিতে রয়েছে সাহিত্যের বিভিন্ন সংরূপের (genre) বহুতল-বিশিষ্ট (storeyed) বিশ্লেষণ। উমবার্তো ইকো যে 'ইন্টারটেক্সচুয়াল ফ্রেম'-এর ধারণাটি দিয়েছিলেন, যেন সেটির স্রোতেই সাহিত্যের পর্ব থেকে পর্বান্তরে ছড়িয়ে পড়েছে প্রাবন্ধিকের অন্বীক্ষা। গ্রন্থটির একেবারেই প্রথমে রয়েছে শিল্পের সর্বজনীনতার সূত্র-পর্যবেক্ষণ। সেই পথ ধরেই thematics-এর জ্যামিতিক নির্মাণের ব্যাপারটিও আলোচনার আওতায় এসে পড়েছে। 'সাহিত্যের শরীর', 'শিল্প ও বক্তব্য', 'কাহিনীর কাহিনী', 'সাহিত্যের রীতিবদল',